

## জবিতে নতুন শিক্ষাবর্ষের ক্লাস শুরু ৩ সেপ্টেম্বর

জবি প্রতিনিধি

২৬ আগস্ট ২০২৩ ১২:৫৫ পিএম |

আপডেট: ২৬ আগস্ট ২০২৩

১২:৫৫ পিএম



advertisement..

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষাবর্ষের ক্লাস শুরু হবে আগামী ৩ সেপ্টেম্বর থেকে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মো. ওহিদুজ্জামান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ৩ সেপ্টেম্বর (রোববার) সকাল ১০ টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস শুরু হবে। নির্ধারিত দিনে শিক্ষার্থীদের যথাসময়ে নিজ নিজ ইলাকায় উপস্থিত থাকাতে হবে।

advertisement

এছাড়া ক্লাসের সময়সূচি ইন্সটিউট ও বিভাগসমূহকে শিক্ষার্থীদেরকে জানিয়ে দিতে বলা হয়েছে। পাশাপাশি ক্লাস শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হয়েছে।

**আরও পড়ুন: শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের অভিযোগে জবি ছাত্রলীগ নেতাকে অব্যাহতি**